

লেখক-শিল্পী-বুদ্ধিজীবীদের আবেদনঃ ঘৃণার রাজনীতি নয়, ভারতের ঐক্য ও বৈচিত্র রক্ষার্থে ভোটাধিকার প্রয়োগ
লেখক-শিল্পী-বুদ্ধিজীবীদের আবেদনঃ ঘৃণার রাজনীতি নয়, ভারতের ঐক্য ও বৈচিত্র রক্ষার্থে ভোটাধিকার প্রয়োগ
করুন

আসন্ন লোকসভা নির্বাচন আমাদের দেশকে এক সন্ধিক্ষণে দাঁড় করিয়ে দিয়েছে। আমাদের সংবিধান দেশের প্রতিটি নাগরিককে সমানাধিকার দিয়েছে; দিয়েছে স্বাধীনভাবে প্রার্থনা করতে, বেঁচে থাকতে; দিয়েছে মত প্রকাশের স্বাধীনতা ও পছন্দ-অপছন্দের অধিকার। কিন্তু গত কয়েক বছরে আমরা প্রত্যক্ষ করেছি, ধর্ম, সম্প্রদায়, লিঙ্গ, জাত-পাত এবং আঞ্চলিকতাবাদের ভিত্তিতে নাগরিকদের শারীরিকভাবে আক্রমণ করা হয়েছে; হতে হয়েছে বৈষম্যের শিকার। ঘৃণার রাজনীতি দেশকে ভেতর থেকে টুকরো করছে; ভীতির সঞ্চার করছে; নাগরিকদের স্বাধীনভাবে বাঁচার অধিকারকে খর্ব করছে। লেখক-শিল্পী-চিত্র পরিচালক- সঙ্গীতশিল্পী ও অন্যান্য সংস্কৃতিসম্পন্ন মানুষকে স্বাধীন কাজকর্মে বাধা দেওয়া হচ্ছে, 'সেন্সর' করা হচ্ছে। যদি কোনও ব্যক্তি ক্ষমতাসীনদের বিরুদ্ধে কোনও প্রশ্ন করেন তাহলে তাকে বিভিন্নভাবে হেনস্থা করা হচ্ছে, এমনকী মিথ্যা ও আজগুবি মামলায় জড়িয়ে গ্রেপ্তার করা হচ্ছে।

আমরা সকলেই এই অবস্থার পরিবর্তন চাই। আমরা কখনওই চাই না যে যুক্তিবাদী, লেখক শিল্পীদের উপর আক্রমণ নেমে আসুক। নারীসমাজ, দলিত, আদিবাসী ও সংখ্যালঘু সম্প্রদায়ের উপর আক্রমণের বিরুদ্ধে কড়া ও কার্যকরী পদক্ষেপ গ্রহণের পক্ষে আমরা। আমরা চাই কাজ, শিক্ষা, স্বাস্থ্য, গবেষণা ক্ষেত্রে সকলের সমান সুযোগ। সর্বোপরি, আমরা দেশের বৈচিত্রের মধ্যে ঐক্য রক্ষা ও গণতন্ত্রের পরিপূর্ণ ও সুষ্ঠু বিকাশ চাই।

আমরা কীভাবে এটা করব? আমরা যে পরিবর্তন চাইছি তা কীভাবে আনব? আমাদের অনেক কিছুই করা দরকার ও আমরা করতেও পারি।

প্রথম পদক্ষেপ হিসেবে শুরুতেই আমরা এই ঘৃণার রাজনীতির বিরুদ্ধে নিজের ভোটাধিকার প্রয়োগ করতে পারি। মানুষ মানুষে বিভেদ সৃষ্টির বিরুদ্ধে ভোট, বৈষম্যের বিরুদ্ধে ভোট, সেন্সরশিপের বিরুদ্ধে ভোট, ভীতি প্রদর্শনের বিরুদ্ধে ভোট। ভারতের সংবিধান যে প্রতিশ্রুতি দেশের প্রতিটি নাগরিককে দিয়েছে তা রক্ষা করার এটাই একমাত্র পথ। এই কারণেই দেশের প্রতিটি শুভবুদ্ধিসম্পন্ন নাগরিকের কাছে আবেদন, দেশের বৈচিত্র, সার্বভৌমত্ব ও সাম্য রক্ষার স্বার্থে নিজের ভোটাধিকার প্রয়োগ করুন।